অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/24/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

আলবেনি কাউন্টিতে65 মিলিয়ন ডলারের স্টারবাক আইল্যান্ড পুনরুন্নয়নের কাজের সমাপ্তির কথা ঘোষণা করেছেন গভর্নর হোচুল

প্রকল্পটি রাজধানী অঞ্চলে ক্ষযপ্রাপ্ত প্রাক্তন ব্রাউনফিল্ডটিকে একটি প্রাণবন্ত মিশ্র-ব্যবহারের জল-সংলগ্ন সম্প্রদায়ে রূপান্তর করেছে

প্রায় 1.8 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দ্বারা সমর্থিত যা আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়নের কাউন্সিল উদ্যোগের মাধ্যমে প্রদান করা হয়েছে

আগের এবং পরের ছবিগুলি এখানে উপলব্ধ

গভর্নর ক্যাথি হোচুল আজ স্টারবাক আইল্যান্ড পুনঃউন্নয়ন প্রকল্পের সমাপ্তি ঘোষণা করেছেন, যা একটি 65 মিলিয়ন ডলারের বিনিয়োগ যা আলবানি কাউন্টির গ্রীন আইল্যান্ড গ্রামে দূষিত তেল সঞ্চয়ের ব্রাউনফিল্ডের 11 একরেরও বেশি জমিকে একটি উচ্চ-ঘনত্বের, প্রাণবন্ত জল-সংলগ্ন সম্প্রদায়ে রূপান্তরিত করেছে। স্টারবাক আইল্যান্ড গ্রীন আইল্যান্ডকে ট্রয় শহরতলির সাথে সংযুক্ত করে যেখানে এখন প্রায় 270-টি আবাসিক ইউনিট, একটি সেলুন, একটি রেস্তোরাঁ এবং পার্কিং রয়েছে।

"স্টারবাক আইল্যান্ডকে একটি নতুন আকর্ষক জল-সংলগ্ন এলাকায় রূপান্তর হল রাজ্যের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম এবং অর্থনৈতিক উন্নয়ন প্রণোদনার একটি প্রমাণ।" **গভর্নর হোচুল বলেন।** "এখন প্রকল্পটি সম্পূর্ণ হওয়ার সাথে সাথে, হাডসন নদীর নবতম সম্প্রদায়ের বাসিন্দারা এবং দর্শনার্থীরা এই অঞ্চলে অতিরিক্ত বিনিয়োগের জন্য অনেক সুবিধা, দর্শনীয় দৃশ্য এবং স্থানীয় ব্যবসা উপভোগ করতে পারবেন।"

2018 সালের নভেম্বরে ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কন্সারভেশনের (Department of Environmental Conservation) ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রামের অধীনে সাইটটি পরিষ্কার করার পরিকল্পনার অনুমোদনের পরে নির্মাণ শুরু হয়েছিল। DEC-র তত্ত্বাবধানের অধীনে একটি ব্যাপক পরিচ্ছন্নতার মধ্যে অন্তর্ভুক্ত ছিল মাটি অপসারণ এবং পুনঃউন্নয়নের সাথে একটি সমান্তরাল ট্র্যাকে পরিচালিত ভূগর্ভস্থ জলের চিকিৎসা, এই প্রাক্তন পেট্রোলিয়াম স্টোরেজ এবং বিতরণ টার্মিনালটিকে একটি নদীর তীরবর্তী অর্থনৈতিক সম্পদে রূপান্তরিত করতে সহায়তা করার জন্য। আঞ্চলিক কাউন্সিলের উদ্যোগের VII রাউন্ডে, স্টারবাক আইল্যান্ডকে ক্যাপিটাল রিজন ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Capital Region Economic Development

Council) জন্য একটি অগ্রাধিকারযুক্ত প্রকল্প মনোনীত করা হয়েছিল এবং প্রায় 1.8 মিলিয়ন ডলারের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) অনুদান প্রদান করা হয়েছিল।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD-র ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও সিইও-মনোনীত হোপ নাইট বলেন, "আমাদের জল-সংলগ্ন এলাকাগুলিতে অ্যাক্সেস তৈরি করা এবং প্রাক্তন ব্রাউনফিল্ডগুলিতে নতুন জীবন শ্বাস দেওয়া হল নিউ ইয়র্ক স্টেটের চারপাশের সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত করার জন্য রূপান্তরমূলক পদক্ষেপসমূহ। স্টারবাক আইল্যান্ডের মতো মিশ্র-ব্যবহারের প্রকল্পগুলিতে কৌশলগত বিনিয়োগ দীর্ঘমেয়াদী এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির স্তম্ভ হিসাবে স্থান নির্মাণের প্রতি আমাদের প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে।"

DEC কমিশনার বাসিল সেগোস বলেন, "নিউ ইয়র্ক স্টেট কীভাবে প্রাক্তন শিল্প সাইটগুলিকে উৎপাদনশীল অর্থনৈতিক ইঞ্জিনে রূপান্তর করে সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত করতে সহায়তা করছে তার একটি দুর্দান্ত উদাহরণ হল স্টারবাক আইল্যান্ড। DEC-র ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম এবং রাজ্যের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল পরিবেশ ও জনস্বাস্থ্য রক্ষার পাশাপাশি কর্মসংস্থান এবং সুযোগ তৈরি করতে হাডসন নদীর ধার বরাবর এবং রাজ্য জুড়ে গ্রিন আইল্যান্ড এবং অন্যান্য সম্প্রদায়গুলিতে এক সাথে কাজ করছে।"

পিটার লুইজি, জুনিয়র, লুইজি কোম্পানিজের (Luizzi Companies) মালিক, বলেন, "এখানে পৌঁছনোর জন্য এটি দীর্ঘ পথ ছিল, এবং আমি গ্রীন আইল্যান্ড গ্রাম, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্ট কনজারভেশন (New York State Department of Environmental Conservation, NYSDEC), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), M&T ব্যাংক (M&T Bank), BBL কনস্ট্রাকশন সার্ভিসেস (BBL Construction Services) এবং ডিজাইন ও নির্মাণ দলের বাকিদের ধন্যবাদ জানাই। এই দলগুলি না থাকলে, এই প্রকল্পটি সফল হতে পারত না।"

ক্যাপিটাল রিজিয়ন ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Capital Region Economic Development Council, CREDC) সহ-সভাপতি রুথ মাহনি, NBT ব্যাংকের (NBT Bank) ওয়েলথ ম্যানেজমেন্টের প্রেসিডেন্ট এবং ড: হাভিডন রদ্রিগেজ, ইউনিভার্সিটি অ্যাট অ্যালবানির (University at Albany) প্রেসিডেন্ট বলেন, "স্টারবাক আইল্যান্ডের পুনর্নির্মাণ আঞ্চলিক কাউন্সিল প্রক্রিয়ার কাজ করার একটি দুর্দান্ত উদাহরণ। এই অগ্রাধিকারযুক্ত প্রকল্পের জন্য রাজ্যের অর্থায়নের সুপারিশ করে, কাউন্সিল এই অঞ্চলে একটি দীর্ঘস্থায়ী প্রভাব তৈরি করার জন্য এই উন্নয়নের তাৎপর্য এবং সম্ভাবনাকে স্বীকৃতি দিয়েছে এবং আমরা সত্যিকারের দর্শনীয় শহুরে সম্প্রদায় গড়ে তোলার জন্য লুইজি কোম্পানিগুলিকে অভিনন্দন জানাই।"

অ্যাপার্টমেন্ট, বাণিজ্যিক স্থান এবং পার্কিং ছাড়াও, স্টারবাক আইল্যান্ডে একটি 31-নৌকার স্লিপ মেরিনা রয়েছে যার মধ্যে রয়েছে ভাড়ার স্লিপ, একটি অ্যাম্ফিথিয়েটার এবং সম্প্রদায়ের জন্য উন্মুক্ত একটি প্রমোনেড, এবং পথচারীদের সংযোগ যা পুরো দ্বীপকে ঘিরে রয়েছে। এই

জনসাধারণের-ব্যবহারের উপাদানগুলি, এছাড়াও সুরক্ষার জন্য একটি পাথরের সিওয়াল নির্মাণ করা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) অনুদান দ্বারা সমর্থিত হয়েছিল। গ্রীন আইল্যান্ড ব্রিজের ঠিক অপর প্রান্তে অবস্থিত, স্টারবাক আইল্যান্ড, শহরতলির ট্রয়ের অনেক রেস্তোরাঁ, দোকান এবং বিনোদনের স্থান থেকে স্বল্প হাঁটা পথের ব্যবধানে আছে; সেজ কলেজ (Sage College) এবং রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট (Rensselaer Polytechnic Institute) থেকে কয়েক মিনিট দূরে অবস্থিত; এবং প্রতিবেশী হাব শহর এবং টাউনগুলিতে সহজে যাতায়াত করা যায়। স্টারবাক আইল্যান্ড প্রকল্পটি এক সময়ের ক্ষতিগ্রস্থ এবং পরিত্যক্ত সম্পত্তির অভিযোজিত পুনঃব্যবহার উন্নত করে এবং একটি প্রাণবন্ত, আকর্ষক সম্প্রদায় তৈরি করে যা নতুন বিনিয়োগকে ব্যবহার করে এবং নতুন বাসিন্দাদের স্বাগত জানায় এবং এই অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন কৌশলগুলির পরিপূরকের কাজ করে।

স্টারবাক নামটি 19 শতক থেকে প্রচলিত, যখন নাথানিয়েল এবং জর্জ স্টারবাক 1821 সালে দ্বীপে একটি লোহার ফাউন্ড্রি খুলেছিলেন। প্রাথমিকভাবে, স্টারবাক ব্রাদার্স ফাউন্ড্রি (Starbuck Brothers Foundry) উৎপাদন এবং পরিষেবাগুলি সম্প্রসারণের আগে ঢালাই লোহার চুলা তৈরি করত। 20 শতকের গোড়ার দিকে, সাইটটি পরিষ্কার করা হয়েছিল এবং 2008 সাল পর্যন্ত তেলের টার্মিনাল হিসাবে পরিষেবা প্রদান করত। এলাকাটি আরও উন্নতি করার পরিকল্পনা নিয়ে, লুইজি কোম্পানিজ 200 বছরের শিল্প দূষণ মোকাবেলা করার লক্ষ্যে এবং গ্রীন আইল্যান্ডের সমৃদ্ধিশীল টাউন সেন্টার এবং শহরতলির ট্রয়ের সহজে অ্যাক্সেস সহ একটি রিসর্ট-শৈলীর সম্প্রদায় বিকাশ করার জন্য 2017 সালে পরিত্যক্ত এবং দূষিত জমিটি কিনেছিল।

সিনেটর নিল ব্রেসলিন বলেন, "স্টারবাক আইল্যান্ড পুনঃউন্নয়ন প্রকল্পটি সত্যিই এই জল-সংলগ্ন সম্পত্তি পুনরুজ্জীবিত করার জন্য লুইজি কোম্পানিজের এবং নিউ ইয়র্ক স্টেটের মধ্যে সহযোগিতামূলক প্রচেষ্টার সুন্দর উদাহরণ। এই সংযোজক প্রকল্পটি একটি এক-সময়ের ক্ষয়প্রাপ্ত এলাকার দ্বীপে নতুন প্রাণ সঞ্চার করেছে, এটিকে এমন একটি জায়গায় রূপান্তরিত করেছে যেখানে মানুষ বাস করতে এবং কাজ করতে আগ্রহী। আমি গভর্নর হোচুলের কাছে অর্থনৈতিক সুযোগ তৈরি করার জন্য তার আত্মনিবেদনের জন্য এবং রাজধানী অঞ্চলের ভবিষ্যতকে সমর্থন করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং পরিবেশ সংরক্ষণ বিভাগের বিনিয়োগের জন্য কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য জন টি. ম্যাকডোনাল্ড তৃতীয় বলেন,"ব্রাউনফিল্ড দূষণে ভরা এই বহুদিনের ভুলে যাওয়া তেল সঞ্চয়স্থানকে এখন স্টারবাক আইল্যান্ড নামে পরিচিত একটি সম্পূর্ণ নতুন আবাসিক এবং বাণিজ্যিক সম্প্রদায়ে রূপান্তর করার জন্য মেয়র এলেন ম্যাকনাল্টি-রায়ান এবং গ্রীন আইল্যান্ডের দলকে অভিনন্দন৷ আমি গভর্নর হোচুলের সাথে যোগ দিতে পেরে আনন্দিত হয়েছি কারণ আবারও রাজ্যের সংস্থানগুলি কৌশলগতভাবে উপকূলীয় সমস্যাগুলির সমাধান করার জন্য বিনিয়োগ করা হয়েছিল, কিন্তু আরও গুরুত্বপূর্ণভাবে, এই ভুলে যাওয়া বর্জ্যভূমিকে আরও ভাল ব্যবহারের জন্য পরিষ্কার করার জন্য - কেবল গ্রীন আইল্যান্ডের জন্য নয়, রাজধানী অঞ্চলের জন্যও৷পিটার লুইজির মতো ব্যক্তিগত বিকাশকারীর সাথে ব্রাউনফিল্ড ট্যাক্স ক্রেডিট কীভাবে সকলের সুবিধার জন্য সম্প্রদায়ের সাথে কাজ করতে পারে তার একটি উজ্জ্বল উদাহরণ হল স্টারবাক আইল্যান্ড"

আলবানি কাউন্টির নির্বাহী আধিকারিক ড্যানিয়েল পি. ম্যাককয় বলেন, "স্টারবাক আইল্যান্ডের একটি প্রথম-শ্রেণীর জল-সংলগ্ন সম্প্রদায়ে রূপান্তর প্রচেষ্টা সার্থক হয়েছে। আমাদের এখন একটি গন্তব্য রয়েছে যা অনন্য আবাসিক সুযোগ প্রদান করে এবং একই সাথে আকর্ষণীয় নতুন দোকান এবং রেস্তোরাঁর মাধ্যমে দর্শকদের আকর্ষণও করে। সম্পূর্ণ প্রকল্পটি একটি সাফল্যের গল্প যা সমগ্র অঞ্চলকে উপকৃত করবে।"

গ্রিন আইল্যান্ডের মেয়র এলেন এম. ম্যাকনাল্টি-রায়ান বলেন, "প্রায় 20 বছরের গ্রিন আইল্যান্ড গ্রামের মেয়র হিসাবে আমার অভিজ্ঞতা নিয়ে আমাকে বলতে হবে যে স্টারবাক আইল্যান্ডের উন্নয়ন আমাদের সম্প্রদায়ের সব চেয়ে রূপান্তরকারী পরিবর্তন। পিটার লুইজি এই সম্পত্তি ক্রয় এবং সংশোধন করার জন্য এবং এটিকে রাজধানী অঞ্চলের প্রিমিয়ার জল-সংলগ্ন অবস্থানে পরিণত করার জন্য দুই বছর আগে একটি খুব সাহসী পদক্ষেপ নিয়েছিলেন। আমি এই প্রকল্পের প্রতি তার দূরদৃষ্টি এবং অঙ্গীকারবদ্ধতার জন্য কৃতজ্ঞ। নিউ ইয়র্ক রাজ্য এবং কাউন্টি সরকার থেকে শুরু করে আমাদের স্থানীয় সরকার পর্যন্ত যারা এটিকে বাস্তবে পরিণত করতে সাহায্য করেছেন তাদের প্রতিও আমি কৃতজ্ঞ। এটি কেবল আপনাকে দেখায় যে আমরা সবাই একসাথে কাজ করলে কী সম্পন্ন করা যায়।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন